

এআইইউবি ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন নাদিয়া আনোয়ার

অনলাইন ডেক্স

০১ সেপ্টেম্বর ২০২৪, ০৯:২৪ পিএম



এআইইউবি -এর ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন নাদিয়া আনোয়ার। ছবি: সংগৃহীত

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি) -এর ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন হিসেবে নির্বাচিত হয়েছেন বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ও ভাইস চেয়ারপারসন মিস নাদিয়া আনোয়ার।

নাদিয়া আনোয়ার মানসিক স্বাস্থ্যসেবা সংস্থা উইভলব লিমিটেড -এর চেয়ারপারসন। তিনি আমেরিকান ডেইরি লিমিটেড (এডিএল) এবং সুবার্ক বাংলাদেশ লিমিটেডের পরিচালক।

এছাড়াও তিনি ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড কর্তৃক প্রস্তুতকৃত ম্যাক লুব্রিকেন্টেসের বাংলাদেশে একমাত্র পরিবেশক কেম্লুব লিমিটেড -এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।